জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

৩৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৯ই আশ্বিন বুধবার ১৩৫৮ ইংরাজী 26th Sept. 1951 { ২০শ সংখ্যা

অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৯ই আশ্বিন বুধবার সন ১৩৫৮ সাল।

ছেলে-ভুলানো ছড়া

—০—

ছোট ছোট খোকা খুকীরা যখন ঘুমায় না, অথচ বিরক্ত করে, তখন মা, মাসীমা, দিদিমা-রা নানা রকমারী ছড়া বলে' তাদের শান্ত ক'রে রাখবার প্রয়াস পান। যিনি এই ছড়া বলেন, তিনি চিৎ হইয়া শুইয়া পা দুটী গুটাইয়া পায়ের উপর খোকা বা খুকীকে বসাইয়া তালে তালে দোলান আর ছড়া বলেন—

ঘুঘু ঘু, পেটে ফু, কি ছেলে? বেটা ছেলে। কই বেটা? মাছ ধরতে গিয়েছে। মাছ কৈ? চিলে নিয়েছে। চিল কই? ডালে বসেছে। ডাল কই? পুড়ে ছাই হয়েছে। ছাই কই? ধোপা নিয়েছে। ধোপা কই? কাপড় কাচতে গিয়েছে। কাপড় কই? বউ পরেছে। বউ কই? জলকে গিয়েছে। জল কই? ঘোড়ায় খেয়েছে। ঘোড়া কই? খালে ঢুকেছে। খাল কই? বুজে গিয়েছে।

বউ মলো হেসে। কলসী গেল ভেসে।

যেমন প্রশ্ন তেমনি সঙ্গে সঙ্গে উত্তর শুনলেন এই ছেলেভুলানো ব্যাপারে। সত্যি সত্যি রাজ-দরবারে এমনি ছেলে ভুলানো প্রশ্নোত্তর শুনা যাইতেছে। পশ্চিম বাংলা আইন পরিষদে জনাব মহম্মদ কাসেদ আলির প্রশ্নের উত্তরে সমবায়, সাহায্য ও পুনর্ব্বসতি বিভাগের মন্ত্রী জনাব আর, আমেদ জানান যে ১৯৫১ অব্দের ৩১শে মার্চ্চ পর্য্যন্ত ১৯৫০ এর দাঙ্গা বিধ্বস্ত মুসলমানদের ৮৫৬০৩০।৵৩ আট লক্ষ ছাপ্পান্ন হাজার ত্রিশ টাকা সাত আনা তিন পাই খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে। যে সব বেসরকারী লোকের মারফত খয়রাতি বণ্টন করা হয় তাহাদের নাম করিতে গিয়া ১০ জন জনাব, ১০ জন শ্রীযুক্ত ও ১ জন মিষ্টার এর নাম করেন। তার মধ্যে ৫ জন জনাব ও ৬ জন শ্রীযুক্ত অসম্পূর্ণ হিসাব পেশ করিয়াছেন। এই অসম্পূর্ণ হিসাব-ওয়ালাদের মধ্যে আছেন সর্ব্বজন পরিচিত মুর্শিদাবাদের এম, এল, এ, জনাব খোদাবক্স। তাঁহার সম্বন্ধে ডাঃ প্রফুল্ল ঘোষ প্রশ্ন করেন—জনাব খোদাবক্স প্রায় ১৯ হাজার টাকার হিসাব দেন নাই। সে টাকা গেল কোথা? স্বয়ং প্রধান মন্ত্রী মহাশয় বলেন—যে সকল এজেন্ট মারফৎ খয়রাতী দেওয়া হইয়াছিল, তাহাদের কয়েকজন পাকিস্থানে চলিয়া যাওয়ায় জনাব খোদাবক্সের পক্ষে তাহাদের স্বাক্ষর সংগ্রহ করা সম্ভব হয় নাই। যাহা হউক মুর্শিদাবাদ বাসীদের মুখ রক্ষা হইল। মীর জাফরের কৃতকর্ম্মের জন্য মুর্শিদাবাদকে চিরকলঙ্ক বহন করিতে হইতেছে। দেশে প্রবাদ প্রচলিত আছে—

চাটি, মাটি, মিথ্যাকথা, এই তিনে কল্‌কাতা।
পুঁই, আমড়া, ধান, তিনে বর্দ্ধমান।
কাঠ, পাত, বাউরী, তিনে জেলা শিউরী।
কাঙাল, বাঙাল, খুদে, তিনে জেলা নদে।
চোর, চোট্টা, হারামজাদ, তিন নিয়ে মুর্শিদাবাদ।

মানীর মান ভগবান রাখেন। বিরোধী দলের প্রশ্নকর্ত্তারা আর কি করিবে? আগে রসিদে স্বাক্ষর দেওয়ার পর টাকা দিবার প্রথা বোধ হয় উঠিয়া গিয়াছে। নইলে টাকা দিয়া তার স্বাক্ষরের জন্য এ রকম বিপদে পড়িতে হয়! জনাব খোদাবক্সের মান খোদা রাখিয়াছেন। সাধারণ নির্ব্বাচন আগতপ্রায়। এ সময়ে কত শ্রীযুক্ত কত জনাবের এবং কত জনাব কত শ্রীযুক্তের সাহায্য আশা করেন কাজেই যে "সরকারকা মাল দরিয়ামে ডাল" ব্যবস্থা আছে, তার জন্য কোন পক্ষ বেশী ঘাঁটাঘাটি করিবে না।

শ্রীদেবেন্দ্রনাথ সেন, শ্রীজ্ঞানাঞ্জন নিয়োগী কর্ত্তৃক প্রদত্ত অসম্পূর্ণ হিসাবের স্বরূপ জানিতে চাহিলে বিভাগীয় মন্ত্রী জনাব আর, আমেদ বলেন, এ সম্বন্ধে বিস্তারিত বিবরণ চাওয়া হইয়াছে। ইহাতে ডাঃ প্রফুল্ল ঘোষ মন্ত্রীকে অসম্পূর্ণ হিসাবই পরিষদে পেশ করিতে অনুরোধ করিলে জনাব আর, আমেদ বলেন অসম্পূর্ণ হিসাব পরিষদে পেশ করা যায় না। শ্রীজ্ঞানাঞ্জন নিয়োগী মহাশয় এ বিষয়ে এক বিবৃতি দিয়াছেন। পত্রান্তরে তাহার মর্ম্ম প্রকাশিত হইয়াছে। তিনি এই ব্যাপারের কিছুই জানেন না। তিনি যে টাকা গ্রহণ করেন নাই তাহার সম্পূর্ণ হিসাবই বা কি আর অসম্পূর্ণ হিসাবই বা কি? এখন মাননীয় মন্ত্রী জনাব আর, আমেদের উত্তর সত্য না নিয়োগী মহাশয়ের বিবৃতি সত্য তাহা প্রধান মন্ত্রী মহাশয় চেষ্টা করিলে বুঝিতে পারেন। পরিষদের গত অধিবেশনে এই নিয়োগী মহাশয়ের প্রধান মন্ত্রীর খাস চিঠির কাগজে কাপড়ের গদীয়ানকে চিঠি লেখা লইয়া আলোচনা হয়। প্রধান মন্ত্রী তাঁর কাগজে নিয়োগী মহাশয়ের লেখার কোন অধিকার নাই বলিয়াছিলেন। ইডেন বাগানের নিখিল ভারত প্রদর্শনীর হিসাব লইয়া যে জল্পনা হয়, তাহাতে তিনি বলিয়াছেন তিনি ছিলেন যুগ্ম-সম্পাদক। যাহাতে প্রদর্শনী সুষ্ঠুভাবে সম্পন্ন হয় তাঁর উপর সেই ভার ছিল। তিনি বেতনভোগী ছিলেন না। হিসাবের দায়ী তিনি নন। প্রদর্শনীতে কোন লোক হারাইলে তাহাকে "প্যাগোডায়" যাইতে বলা হইত। আমরা বলি—যিনি হিসাব চান "প্যাগোডায়" গিয়া অপেক্ষা করুন। বিনা হিসাবে সুষ্ঠুভাবে প্রদর্শনীর কাজ সম্পন্ন হইয়াছে ইহাই যথেষ্ট। যে দেশে শতকরা আশী জনের অধিক লোক নিরক্ষর, সে দেশের হিসাব কে লইবে? এখানে খোকা ভুলানো ছড়াই যথেষ্ট।

"ভ্রমর জানয়ে কমল মাধুরী
তাই সে তাহার বশ।
রসিক জানয়ে রসের চাতুরী
আনে কহে অপযশ।"

৺ব্রজধামে তনুত্যাগ

—০—

জঙ্গিপুরের অনতিদূরবর্ত্তী জোতকমল গ্রামের সর্ব্বাপেক্ষা প্রবীণতম অধিবাসী ছিলেন রসরাজ দত্ত মহাশয়। তিনি ছিলেন "জঙ্গিপুর সংবাদে"র সংস্থাপক সম্পাদকের পিতৃদেবের সতীর্থ। তাঁহার বয়স হইয়াছিল ৯৩।৯৪ বৎসর। এ বয়সেও তিনি একটুকুও অক্ষম হন নাই।

বৎসর দশেক পূর্ব্বের কথা। দত্ত মহাশয় এক-দিন জঙ্গিপুর রোড ষ্টেশনের নিকটবর্ত্তী তাঁহার জোতজমা পরিদর্শন করিয়া সন্ধ্যার প্রাক্‌কালে তাঁহার বৈষ্ণব প্রকৃতিসুলভ একটী গান চাপাগলায় গাহিতে গাহিতে ফিরিতেছেন। আমাদের গ্রাম্য সম্পর্কের ঠাকুর দাদা তিনি। নাতি সম্পর্ক বলিয়া তিনি আমাদের সঙ্গে হাসি মস্করাও করিতেন। আমরাও তাঁহার ব্যবহারে স্পর্দ্ধাও পাইতাম যথেষ্ট। তাঁহার গানখানির রচনা বড় ভাল লাগায় বলিলাম—দাদা গানটী লিখে দিবেন? ঠাকুরদাদা উত্তর দিলেন—শাক্ত বামুন, এ গান নিয়ে করবে কি? গানটী লিখে নিলাম। গত ৩০শে ভাদ্র দত্ত ঠাকুরদা ৺বৃন্দাবন ধামে নশ্বর দেহ ত্যাগ করিয়াছেন। তাঁহার গানের সঙ্গে তাঁহার যে কামনা ছিল, তাহা পূর্ণ হইতে দেখিয়া তিনি যে সাধনোচিত ধামে গমন করিয়াছেন সে বিষয়ে কোন সন্দেহ নাই। তাঁহার একমাত্র কৃতবিদ্য পুত্র শ্রীসুরেন্দ্রনাথ দত্ত মহাশয় বিহার গবর্ণমেণ্টের বিভিন্ন জেলা স্কুলে হেড মাষ্টারী করিয়া পেনসন পাইয়া অবসর গ্রহণ করিয়াছেন। প্রৌঢ়াবস্থায় পিতৃবিয়োগ তাঁহাকে ভাগ্যহীন করিল। আমরা তাঁহার এই শোকে সমবেদনা প্রকাশ করিয়া দত্ত মহাশয়ের গানখানিও প্রকাশ করিলাম।

গান

গুরো! এ দীনের কি সেদিন হবে?
ব্রজে হবো গুল্মলতা,
সে তো কঠিন কথা,
ব্রজধামে কবে এ দেহ লুটাবে?
সম্প্রতি আমি সকলি ছাড়া,
হ'য়ে আছি যেন জীবন্তে মরা,
হরি বলবো মুখে,
শুনবে বন্ধুলোকে,
হৃদ্‌পদ্মে হরি কবে প্রকাশিবে?
এ দীনের কি সেদিন হবে?

"ফিরে চল আপন ঘরে"

—•—

পশ্চিম বঙ্গ কংগ্রেসের যুগান্তর দল কংগ্রেস সভা-পতি শ্রীজহরলালজীর ডাকে কংগ্রেসে ফিরিয়া যাইতে সম্মত হইয়াছে। ডাকার মত ডাকলে ভগবানও ছুটে আসেন। কংগ্রেস ডেমোক্রেটিক ফ্রন্ট "দ্বিদল না হ'তে অঙ্কুরেই শুকালো"।

রঘুনাথগঞ্জ সদরঘাট সার্ব্বজনীন দুর্গাপূজার ১৩৫৭ সালের আয়-ব্যয়ের হিসাব

জমা—

মোট চাঁদা আদায়	৪৯৬।০
শ্রীফণিভূষণ সিংহ মহাশয়ের নিকট হইতে ধার জমা	১২৶১৫
মোট—	৫০৮।৶১৫

ব্যয়—

পূজা খরচ	... ...	২৪১/১৫
প্রতিমা	... ...	৫৩৲
মণ্ডপ	... ...	৪৩৷৶০
লক্ষ্মীপূজা	... ...	৪৮৸০
কবিগান	... ...	৩০৲
বাদ্য	... ...	৫৪৲
আলো	... ...	৭৸১০
মাঝি	... ...	৮৷০
বিবিধ	... ...	২১।৶১০
মোট—		৫০৮।৶১৫

কোষাধ্যক্ষ—শ্রীফণিভূষণ সিংহ
সাং রঘুনাথগঞ্জ
৩রা আশ্বিন, ১৩৫৮।

Checked and found correct.
Sd/- S. R. Saha.
21. 9. 51.

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

২৭০ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ২১৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মহম্মদপুর ১-৪৬ শতকের কাত ৩।৶৬ আঃ ১০৲ খং ৭৪

২৭১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৸৬ মৌজাদি ঐ ৭১ শতকের কাত ৬৸৮ আঃ ১৫৲ খং ৭৯

২৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৶০ মৌজাদি ঐ ১-৩৫ শতকের কাত ৩৶০ আঃ ৮৲ খং ১২১

২৭৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৸৩ মৌজাদি ঐ ৮৪ শতকের কাত ৩।১০ আঃ ১০৲ খং ৮৩

২৭৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸০ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১।৶৬ আঃ ৫৲ খং ১৩৩

২৮৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৶৬ মৌজাদি ঐ ১-৭৮ শতকের কাত ৬৶০ আঃ ১৫৲ খং ১২০

২৬৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৯।৶৬ থানা ঐ মৌজে মহম্মদপুর ও ইলাসপুর ২-৬৫ শতকের কাত ১০৶৬ আঃ ২৫৲ খং ১৩০

২৭৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৶৬ থানা ঐ মৌজে ইলাসপুর ১৬ শতকের কাত ২॥৶১০ আঃ ১০৲ খং ৪৬

২৭৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬।৶৬ মৌজাদি ঐ ৫ শতকের কাত ১৸৬ আঃ ৫৲ খং ১৭

১৪২ খাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং ভোলানাথ সাহা দিং দাবি ৩৩৸৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীপুর ৭ শতকের কাত ৪৲ আঃ ১০৲ খং ১৬৪৭

১৪৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৶৩ মৌজাদি ঐ ৯ শতকের কাত ১॥৶০ আঃ ১০৲ খং ১৬৮৮

১৪৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৶৬ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৫৸১০ আঃ ১০৲ খং ১৬৮৯

৩৪৬ খাং ডিঃ মনোরঞ্জন দাস দেং রূপজান বিবি নাবালিকা পক্ষে অলি ভ্রাতা ও স্বয়ং চমৎকার সেখ দিং দাবি ২২৸৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ২০ শতকের কাত ৩৶০ আঃ ৫৲ খং ৪১৭ রায়ত স্থিতিবান

২০০ খাং ডিঃ নীলরতন রায় দেং লালমহম্মদ সেখ দাবি ৯॥৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৩ শতকের কাত ৶০ আঃ ২৲ খং ৬৪ রায়ত স্থিতিবান

৩৮৮ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং আব্বাস সেখ দিং দাবি ৩৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলিয়া ১১৯ শতকের কাত ৪৷০ আঃ ১০৲ ১১৯ রায়ত স্থিতিবান

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্‌সেফী আদালত

নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৪১০ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং বিষ্ণুপদ সিংহ দিং দাবি ৭৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জালালপুর ও হুদরাপুর খারিজ বাদে ৪১২ শতকের কাত ১২৶০ আঃ ১৫৲ খং ১২৯, ১০০ রায়ত স্থিতিবান

৪১১ খাং ডিঃ ঐ দেং ভানু মণ্ডল দিং দাবি ৪১৷৬ থানা ঐ মৌজে সাহাজাদপুর ৯৫ শতকের কাত ৫৷৷৶২ আঃ ১৫৲ খং ১৪৭ রায়ত স্থিতিবান

৪২৫ খাং ডিঃ ঐ দেং হাজি লস্করী বিশ্বাস দিং দাবি ১৬৸৶৯ থানা ঐ মৌজে বড়শিমুল ৪৭ শতকের কাত ১৷৷৶০ আঃ ৫৲ খং ৪৯৭ রায়ত স্থিতিবান

৪৭১ খাং ডিঃ ঐ দেং তোফজ্জল বিশ্বাস দিং দাবি ২২৸৶৩ থানা ঐ মৌজে পিয়ারাপুর ৩৬৭ শতকের কাত ৫৸৶০ আঃ ৩৲ খং ১৭৬ রায়ত স্থিতিবান

৪৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৷৬ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ২৷৫ আঃ ৩৲ খং ৮৫ রায়ত স্থিতিবান

৪৭৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৸৶৬ মৌজাদি ঐ ৭৯৩ শতকের কাত বৃদ্ধিসহ ১৪৷১৪ আঃ ৫৲ খং ১৭৩ রায়ত স্থিতিবান

১৮১ খাং ডিঃ ধীরেন্দ্রকুমার চক্রবর্ত্তী দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৬৪৸৶৩ থানা সুতী মৌজে হিলোড়া ১-৩৮ শতকের কাত ৯৷৷০ আঃ ১০৲ খং ২১৭৯ মৌজা ডাহিনা খং ৩০৫

১৮২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২৷৶০ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৫৷৷০ আঃ ১০৲ খং ২০৩৯

২১১ খাং ডিঃ লুটবিহারী দত্ত দেং একজিকিউটার সীতারাম সিংহ দাবি ২২৷৶৬ থানা সুতী মৌজে মদনা ৩৮৭ শতকের কাত ৫৷৶৭ আঃ ২৲ খং ১০৩

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত